



ঢাবি উপাচার্য মো. আক্তারুজ্জামান- ফাইল ছবি

আসন্ন ডাকসু নির্বাচনে যারা নির্বাচিত হবেন তারা অতীতের মতো অসাম্প্রদায়িক ও নৈতিক মূল্যবোধসম্পন্ন হবেন বলে মন্তব্য করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) উপাচার্য মো. আক্তারুজ্জামান। তিনি বলেছেন, তারাই মুক্তিযুদ্ধের চেতনায় বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা নির্মাণে অগ্রণী ভূমিকা পালন করবেন।

শনিবার সকালে বিশ্ববিদ্যালয় কলাভবন সংলগ্ন বটতলা প্রাঙ্গণে 'পতাকা উত্তোলন দিবস' উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে তিনি এ কথা বলেন।

বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (শিক্ষা) নাসরীন আহমাদের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য (প্রশাসন) মুহাম্মদ সামাদ, কোষাধ্যক্ষ অধ্যাপক কামাল উদ্দীন, ঢাবি শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক এএসএম মাকসুদ কামাল ও সাধারণ সম্পাদক অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম। স্বাগত দেন কলা অনুষদের ডিন অধ্যাপক আবু মো. দেলোয়ার হোসেন।